12

দৈনিক সংবাদ

তারিখ 19 JUN 1997
পৃষ্ঠা ৪ কলাম 2

## প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রী সমীপে

বাংলাদেশে শত শত নিম্ন মাধ্যমিক বিদ্যালয় ১৯৯৬–৯৭ইং অর্থবছরে বেতন ভাতা হতে সহকারি শিক্ষক বাদ যাচ্ছে। নতুন শিক্ষানীতি প্রণয়ন হওয়ায় স্টাপিং–প্যাটার্নে বিপিএড এবং বিএসসি (গণিত) ২টি শিক্ষক পদ যুক্ত হওয়ায়। পুরাতন নীতিমালায় এ সবের কোন উল্লেখ ছিল না বিধায়, বিদ্যালয় পরিচালনা কমিটি শিক্ষক নিয়োগ করেছেন। তাছাড়া আঞ্চলিক ও জেলা শিক্ষা অফিস বিদ্যালয় পুরাতন নীতিমলায় স্বীকৃতি দিয়েছেন। ঐ সমস্ত নীতিমালায় যদি পুরাতন স্বীকৃতিপ্রাপ্ত বিদ্যালয়ে কার্যকরী হয়, তবে, শত শত শিক্ষকের জীবনে নেমে আসবে বাঁচা–মরার সমস্যা।

পূর্বে যে সমস্ত বিদ্যালয় এম,পি,ও ভুক্তি হয়েছে ১–৫ নং ক্রমানুসারে স্টাপ–ইন–প্যাটার্নে। সে সমস্ত শিক্ষক বি,এ পাস প্রথম ''নিয়োগপ্রাপ্ত'' তাদের ক্ষেত্রে সরকারি বেতন–ভাতাদির ব্যবস্থা করা হোক। যে সমস্ত বিদ্যালয় নতুন প্রতিষ্ঠিত হবে নতুন শিক্ষানীতিকে স্বাগত জানিয়ে ১৯৯৭–৯৮ ইং অর্থবছর হতে কার্যকরী করা হোক।

এমতাবস্থায় মাননীয়া প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রীর নিকট আরজি, ঐ সমস্ত হতাশাগ্রস্ত শিক্ষকদের প্রতি একটু সুনজর দিবেন কি।

মোঃ আবদুল্লাহ খান পাঠান
(সহঃ শিক্ষক)
রামনগর নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়,
পোঃ–দলপারামপুর,
থানা–কেন্দুয়া, জিলা–নেত্রকোনা।